# বার্ষিক প্রতিবেদন

## ২০২২-২০২৩



ক্রীড়ায় শ্রেষ্ঠত্ব
Excellence in Sports

**বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)**

www.bksp.gov.bd

বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩

**প্রেক্ষাপট:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৪ সালে বাংলাদেশ ইনস্টিটিউট অব স্পোর্টস প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করে। জাতীয় ক্রীড়া পরিষদের একটি প্রকল্প হিসেবে ১৯৭৬ সালে বাংলাদেশ ইনস্টিটিউট অব স্পোর্টস (বিআইএস) নামে একটি সরকারি প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে। পরবর্তীতে ১৯৮৩ সালে সরকারের একটি বিধিবদ্ধ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে 'বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) নামে এর পুনঃ নামকরণ করা হয়। ১৯৮৬ সালের ১৪ এপ্রিল প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার পর থেকে আন্তর্জাতিক ক্রীড়াক্ষেত্রে দেশকে প্রতিষ্ঠা করার নিরলস প্রচেষ্টায় নিবেদিত রয়েছে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)।

**রূপকল্প:** ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় তৈরী করা।

**অভিলক্ষ্য:** তৃণমূল পর্যায়ে দেশের তরুণ ও প্রতিভাবান খেলোয়াড়দের ক্রীড়ায় উদ্বুদ্ধ করে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে ক্রীড়া প্রতিভার বিকাশ ঘটানো এবং জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় গড়ে তোলা।

**অবস্থান:** সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধ এবং ঢাকা ইপিজেড এর উত্তর দিকে নবীনগর-কালিয়াকৈর সংযোগ সড়ক ধরে ০৯কিলোমিটার দূরত্বে সড়কের পশ্চিম পার্শ্বে জিরানীতে ১১৫ একর জমির উপর মনোরম পরিবেশে বিকেএসপি'র অবস্থান। ঢাকার জিরো পয়েন্ট হতে সড়ক পথে এর দূরত্ব প্রায় ৪৫ কিলোমিটার।

**বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের আইন:** ১৯৮৩ সালের ০২ অক্টোবর বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত অধ্যাদেশ নং ৫৮ বলে বাংলাদেশ ইনস্টিটিউট অব স্পোর্টস (বিআইএস) বিলুপ্ত করে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) নামকরণ করে একটি অধ্যাদেশ জারি করা হয়। এই অধ্যাদেশ বলে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানটি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় বিধিবদ্ধ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হয়। অতঃপর ২০২০ সালে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ, ১৯৮৩ রহিত করে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আইন, ২০২০ প্রবর্তন করা হয়। সরকার প্রতিষ্ঠানটির নীতি নির্ধারণ ও সামগ্রিক কার্যক্রম তত্ত্বাবধানের জন্য আইনের আওতায় একটি পরিচালনা বোর্ড গঠন করে।

## পরিচালনা বোর্ড

| | | |
|---|---|---|
| ক) মন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়; | - | চেয়ারম্যান |
| খ) প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যদি থাকেন); | - | ভাইস চেয়ারম্যান |
| গ) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়; | - | সদস্য |
| ঘ) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়; | - | সদস্য |
| ঙ) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; | - | সদস্য |
| চ) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়; | - | সদস্য |
| ছ) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়; | - | সদস্য |
| জ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের একজন অন্যূন যুগ্মসচিব; | - | সদস্য |
| ঝ) কমিশনার, ঢাকা বিভাগ; | - | সদস্য |
| ঞ) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর; | - | সদস্য |
| ট) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ; | - | সদস্য |
| ঠ) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত উহার অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন প্রতিনিধি; | - | সদস্য |
| ড) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক মনোনীত উহার অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন প্রতিনিধি; | - | সদস্য |
| ঢ) ক্যাডেট কলেজসমূহের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান; | - | সদস্য |
| ণ) চেয়ারম্যান, আর্মি স্পোর্টস কন্ট্রোল বোর্ড; | - | সদস্য |
| ত) মহাসচিব, বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন | - | সদস্য |
| থ) সভাপতি, জাতীয় মহিলা ক্রীড়া পরিষদ; | - | সদস্য |
| দ) সরকার কর্তৃক মনোনীত তিনজন খ্যাতনামা ক্রীড়া বিশেষজ্ঞ, যাহাদের মধ্যে একজন নারী হইবেন এবং মনোনয়নের ক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) এর সাবেক ক্রীড়াবিদগণ অগ্রাধিকার পাইবেন; | - | সদস্য |
| ধ) মহাপরিচালক | - | সদস্য-সচিব |

**উদ্দেশ্য :**

ক) সম্ভাবনাময় খেলোয়াড়দের বয়স ভিত্তিক ধারাবাহিক দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা।

খ) ধারাবাহিকভাবে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চতর পর্যায়ে পরিকল্পিত বিজ্ঞান ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা।

গ) ব্যক্তিত্বের সার্বিক বিকাশ নিশ্চিত করতে ক্রীড়া বিষয়ক এবং সাধারণ শিক্ষা প্রদান করা এবং ভবিষ্যৎ প্রজন্মের শিক্ষিত খেলোয়াড়, প্রশিক্ষক, সংগঠক ও ক্রীড়া বিষয়ে দক্ষ ব্যক্তিত্ব হিসেবে গড়ে তোলা।

ঘ) নতুন প্রজন্মকে ক্রীড়াক্ষেত্রে ব্যাপক উৎসাহিত ও উদ্দীপ্ত করা এবং তাদের মাঝে ক্রীড়া সচেতনতা সৃষ্টি করা।

ঙ) প্রাথমিক প্রশিক্ষণ প্রদান এবং দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের জন্য ক্রীড়া প্রতিভা সনাক্ত করা।

চ) বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশন, ন্যাশনাল স্পোর্টস কাউন্সিল এবং ন্যাশনাল স্পোর্টস ফেডারেশনের চাহিদা অনুযায়ী জাতীয় দলের প্রশিক্ষণের ব্যবস্থা করা।

ছ) জাতীয় দলকে প্রশিক্ষণ সংক্রান্ত কৌশলগত ও বিজ্ঞানসম্মত সহায়তা প্রদান করা।

জ) ক্রীড়াবিদদের জন্য সুযোগ সৃষ্টি করা এবং এ বিষয়ে সহজাত প্রতিভাসম্পন্ন ব্যক্তিকে আধুনিক প্রশিক্ষণের পদ্ধতি সম্পর্কে মৌলিক ধারণা দেয়ার ব্যবস্থা করা।

ঝ) সকল সম্ভাবনাময় প্রশিক্ষকদের প্রাথমিকভাবে ধারাবাহিক ক্রীড়া প্রশিক্ষণ এবং ক্রীড়া বিজ্ঞান সম্পর্কে যথাযথ শিক্ষা প্রদান করা।

**আইন অনুযায়ী প্রতিষ্ঠানের কার্যাবলি:**

১) নির্ধারিত বয়সসীমার বালক-বালিকাদের মধ্য হতে ক্রীড়া ক্ষেত্রে প্রতিভা অন্বেষণ করা এবং স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণি পর্যন্ত ক্রীড়া ও সাধারণ শিক্ষার সুযোগসহ ক্রীড়া ক্ষেত্রে তাদের বিজ্ঞানভিত্তিক নিবিড় প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি এবং পর্যাপ্ত সুবিধা প্রদান;

২) উন্নতমানের ক্রীড়াবিজ্ঞানী, কোচ, রেফারি এবং আম্পায়ার তৈরির উদ্দেশ্যে সম্ভাবনাময় ক্রীড়াবিজ্ঞানী, কোচ রেফারি এবং আম্পায়ারগণের প্রশিক্ষণ প্রদান;

৩) ক্রীড়াবিজ্ঞানী, কোচ, রেফারি ও আম্পায়ারগণের কলাকৌশলগত দক্ষতা উন্নয়নকল্পে সার্টিফিকেট কোর্স পরিচালনা;

৪) আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রস্তুতি হিসেবে জাতীয় দলের প্রশিক্ষণের সুযোগ প্রদান;

৫) অটিস্টিকসহ দেশের বিভিন্ন প্রতিবন্ধী অর্থাৎ শারীরিক, মানসিক, দৃষ্টি ও অন্যান্য প্রতিবন্ধীদের খেলাধুলার জন্য পৃথক ইউনিট গঠন এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সহিত সমন্বয়ক্রমে তাদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদান ও প্রতিযোগিতার আয়োজন;

৬) বিভিন্ন দেশীয় খেলাধুলার বিষয়ে প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন;

৭) ক্রীড়া সম্পর্কিত তথ্যকেন্দ্র হিসেবে কার্য সম্পাদন ও গবেষণা কার্যক্রম পরিচালনা;

৮) ক্রীড়া সম্পর্কিত পুস্তক, সাময়িকী, বুলেটিন এবং হালনাগাদ তথ্য প্রকাশ ও সংরক্ষণ;

৯) দেশের বিভিন্ন ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান এবং আন্তর্জাতিক ক্রীড়া প্রতিষ্ঠানের সহিত সম্পর্ক ও যোগাযোগ স্থাপন এবং অভিজ্ঞতা বিনিময়;

১০) দেশের বিভিন্ন ক্রীড়া সংস্থার সহিত যোগাযোগ স্থাপন ও কার্যাবলির সমন্বয় সাধন;

১১) ক্রীড়া উন্নয়নে সরকারকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

১২) প্রতিবেশ ও পরিবেশবান্ধব ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন; এবং

১৩) সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত নির্দেশনা সাপেক্ষে, উহার উপর অর্পিত অন্যান্য দাযিত্ব পালন এবং প্রয়োজনীয় অন্য যেকোনো কার্য সম্পাদন।

**ক্রীড়া বিভাগ ও প্রশিক্ষণার্থী সংখ্যা :**

| ক্রমিক নং | ক্রীড়া বিভাগ | প্রশিক্ষণার্থী সংখ্যা |
|---|---|---|
| ১. | আর্চারি | ৫৬ |
| ২. | এ্যাথলেটিক্স | ৬৮ |
| ৩. | বাস্কেটবল | ৫৯ |
| ৪. | বক্সিং | ৩৬ |
| ৫. | ক্রিকেট | ৩১১ |
| ৬. | ফুটবল | ২৮৮ |
| ৭. | জিমন্যাস্টিক্স | ৩৪ |
| ৮. | হকি | ১৩২ |
| ৯. | জুডো | ৩৪ |
| ১০. | কারাতে | ৪১ |
| ১১. | কাবাডি | ৩১ |

| ক্রমিক নং | ক্রীড়া বিভাগ | প্রশিক্ষণার্থী সংখ্যা |
|---|---|---|
| ১২. | শ্যুটিং | ৫৯ |
| ১৩. | সাঁতার | ৬৯ |
| ১৪. | টেবিল টেনিস | ৫৯ |
| ১৫. | টেনিস | ৩৯ |
| ১৬. | তায়কোয়ানডো | ৩০ |
| ১৭. | ভলিবল | ৩৭ |
| ১৮. | উশু | ৩৪ |
| ১৯. | স্কোয়াশ | ১৩ |
| ২০. | ভারত্তোলন | ০৫ |
| ২১. | ব্যাডমিন্টন | ১২ |
| | সর্বমোট = | ১৪৪৭ |

**সাংগঠনিক কাঠামো:**

বিকেএসপি একটি বিধিবদ্ধ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে একটি পরিচালনা বোর্ডের তত্ত্বাবধানে মহাপরিচালক কর্তৃক প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মন্ত্রী প্রতিষ্ঠানের পরিচালনা বোর্ডের চেয়ারম্যান। আইন অনুযায়ী পরিচালনা বোর্ডের সদস্য সংখ্যা ২১ (একুশ)। মহাপরিচালক এ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনায় পরিচালক (প্রশাসন ও অর্থ), পরিচালক (প্রশিক্ষণ) এবং অধ্যক্ষ মহাপরিচালককে সহায়তা করে থাকেন।

**বিকেএসপিতে বর্তমানে মোট জনবলের সংখ্যা:**

| ক্রমিক নং | বিবরণ | জনবলের সংখ্যা |
|---|---|---|
| ১। | রাজস্ব খাতে কর্মকর্তা-কর্মচারী | ৩১৭ জন |
| ২। | আউট সোর্সিং কর্মচারী | ৫৩ জন |
| ৩। | দৈনিক সম্মানী ভিত্তিক কর্মকর্তা | ৯২ জন |
| ৪। | দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী | ১৩৪ জন |
| ৫। | তৃণমূল কার্যক্রমের অধীনে সম্মানী ভিত্তিক কোচ | ৩০ জন |

**২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় বিকেএসপি'র সাফল্য :**

| ক্রমিকনং | খেলারনাম | প্রতিযোগিতারনামওস্থান | তারিখ | পদকপ্রাপ্তি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্বর্ণ | রৌপ্য | তাম্র | |
| ১। | আর্চারি | ন্যাশনাল র‍্যাংকিং ওপেন টুর্নামেন্ট-৩, টঙ্গি, ঢাকা। | ২১ জুলাই, ২০২২ | ০ | ১ | ০ | ২১জন অংশগ্রহণ করেছে |
| | | ন্যাশনাল ইয়ুথ র‍্যাংকিং টুর্নামেন্ট স্টেজ-৩, টঙ্গি, ঢাকা। | ২৮ জুলাই, ২০২২ | ১০ | ০৮ | ০৬ | দলগত চ্যাম্পিয়ন। ৪২জন অংশগ্রহণ করেছে |
| | | বাংলাদেশ লিগ-২(রিকার্ভ), ২০২২, টঙ্গি, গাজীপুর। | ০৪ আগস্ট,২০২২ | ১ | ০ | ০ | চ্যাম্পিয়ন |
| | | ৫ম ইসলামী সলিডারিটি গেমস-২০২২, কোনিয়া, তুর্কি | ১৪-১৮ আগস্ট,২০২২ | ০ | ০১ | ০২ | জাতীয় দলের পক্ষে ৫জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে ৪জন দলগত পদক অর্জন। |
| | | "শেখ রাসেল ৪র্থ জাতীয় যুব আর্চারি চ্যাম্পিয়নশীপ-২০২২"টঙ্গি, গাজীপুর। | ১৬-১৮অক্টোবর ২০২২ | ১৩টি | ০৯ টি | ০৭টি | সর্ব মোট ৪২টি পদকের মধ্যে ২৯টি পদক জয় করে বিকেএসপি দলগত চ্যাম্পিয়ন। |
| | | "2022 WAA Joint Training Program Asian Challange, Wanje, Korea | ৭-১২ নভেম্বর ২২ | ১ | - | - | দলগত স্বর্ণ ১টি |
| | | "National Ranking-4" টঙ্গি, গাজীপুর | ২ নভেম্বর ২০২২ | ৪ | ২ | - | বিকেএসপি দলগত চ্যাম্পিয়ন |
| | | "Bangladesh Leagur-3" টঙ্গি, গাজীপুর | ৩ নভেম্বর ২০২২ | - | - | - | রিকার্ভ চ্যাম্পিয়ন |
| | | "Bangladesh League-4" টঙ্গি, গাজীপুর | ৩ ডিসেম্বর২০২২ | - | - | - | রিকার্ভ চ্যাম্পিয়ন |
| | | শহীদ আহসান উল্লাহ মাস্টার বিজয় দিবস আর্চারি টুর্নামেন্ট-২০২২ | ১৭ ডিসেম্বর২০২২ | ১ | ৩ | ১ | রানার-আপ |

| ক্রমিকনং | খেলারনাম | প্রতিযোগিতারনামওস্থান | তারিখ | পদকপ্রাপ্তি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্বর্ণ | রৌপ্য | তাম্র | |
| | | 2023 National Youth Ranking Tournament-1” এটিসি, টঙ্গি, গাজীপুর। | ০৯ফেব্রুয়ারি-২০২৩ | ০৯ | ০৭ | ০৫ | |
| | | ❖ আন্তর্জাতিক নারী দিবস আর্চারি টুর্নামেন্ট, শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গি, গাজীপুর।<br>❖ ন্যাশনাল ট্রায়াল-১, শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গি, গাজীপুর।<br>❖ ইয়ুথ ন্যাশনাল র‍্যাংকিং-২, শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গি, গাজীপুর।<br>❖ স্বাধীনতা দিবস আর্চারি টুর্নামেন্ট, শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গি, গাজীপুর। | ০৮.০৩.২০২৩<br>০৯.০৩.২০২৩<br>১৬.০৩.২০২৩<br>২৫.০৩.২০২৩ | ০২<br>-<br>০৭ | -<br>০১<br>০৭ | -<br>০১<br>০৫ | দল গত চ্যাম্পিয়ন<br>দল গত চ্যাম্পিয়ন |
| | আর্চারি | Trial for Youth World Championship-2023, শহীদ আহসানউল্লাহ মাষ্টার স্টেডিয়াম, টংগি, গাজীপুর। | ০৮এপ্রিল ২৩ | ০৬ | - | - | - |
| | | বাংলাদেশ লীগ-১, টঙ্গি, ঢাকা। | ১২ মে,২০২৩ | - | - | - | ৫ জয় ৩ পরাজয় |
| | | ন্যাশনালইয়ুথ ট্রায়াল-২, টঙ্গি, ঢাকা | ২৬ মে, ২০২৩ | ৬ | - | - | |
| | | তীর ১৪তম জাতীয় আর্চারি চ্যাম্পিয়নশীপ ২০২৩, টঙ্গি, ঢাকা। | ২১-২৪ জুন ২৩ | ০৩ | ০২ | ০১ | রানার-আপ |
| ২। | এ্যাথলেটিক্স | বিকেএসপি কাপ আমন্ত্রণমূলক আন্তর্জাতিক এ্যাথলেটিক্স প্রতিযোগিতা-২০২২, বিকেএসপি, ঢাকা | ১৩-১৫ ডিসেম্বর ২০২২ | ১৭ | ০৯ | ১০ | বিকেএসপি দল চ্যাম্পিয়ন |
| | | শেখ কামাল আন্ত স্কুল ও মাদ্রাসা এ্যাথলেটিক্স প্রতিযোগিতা-২০২৩, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা। | ০৫ মার্চ ২৩ | ১৮ | ০৫ | ০১ | |
| ৩। | বাস্কেটবল | শহিদ ক্যাপ্টেন শেখ কামাল অ-২৩, থ্রি-অন-থ্রি বাস্কেটবল টুর্নামেন্ট-২২,ঢাকা। | ০৬ আগস্ট,২০২২ | ০১ | - | - | চ্যাম্পিয়ন |
| ৪। | ক্রিকেট | অস্ট্রেলিয়া আর্মি মহিলা দলের সাথে বিকেএসপি মহিলা দলের ফ্রেন্ড শীপ ম্যাচ | ১৯ অক্টোবর-২০২২ | - | - | - | বিকেএসপি মহিলা ক্রিকেট দল জয়ী |
| | | সৈয়দ ময়নুদ্দিন হোসাইন মেমোরিয়াল অ-১৮ একাডেমী কাপ ক্রিকেট টুর্নামেন্ট-২০২২, মহিলা ক্রীড়া কমপ্লেক্স, চট্টগ্রাম | ১১-২৪ নভেম্বর ২২ | - | - | - | বিকেএসপিঅ-১৮ক্রিকেটদলচ্যাম্পিয়ন |
| | | শেখ কামাল অ-১৮ জাতীয় ক্রিকেট টুর্নামেন্ট২০২২, রাজশাহী ও বগুড়া। | ২৪ ডিসেম্বর — ৩০ জানুয়ারি ২০২৩ | - | ০১ | - | বিকেএসপিঅ-১৮দলরানার-আপ |
| | | ওমেন্স প্রিমিয়ার ক্রিকেট লীগ-২০২৩, বিকেএসপি, ঢাকা। | ২৫মে, ২০২৩ | - | - | - | ৮টি খেলা হয়েছে (৩ জয়, ৩ পরাজয়, ২ ড্র) |
| | | অ-১৬ জাতীয় ক্রিকেট প্রতিযোগিতা, ফরিদপুর ও টাংগাইল। | ১২ মার্চ থেকে ১১ এপ্রিল,২৩ | ০১ | - | - | বিকেএসপি চ্যাম্পিয়ন |
| | | ঢাকা ওমেন্স প্রিমিয়ার ক্রিকেট লীগ-২০২৩, বিকেএসপি, ঢাকা। | ২৫ মে থেকে ১৫ জুন,২৩ | - | - | - | বিকেএসপির ৩জন মেয়ে প্রশিক্ষণার্থী ইমার্জিং ন্যাশনাল টিমে খেলার সুযোগ পেয়েছে। |

| ক্রমিকনং | খেলারনাম | প্রতিযোগিতারনামওস্থান | তারিখ | পদকপ্রাপ্তি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্বর্ণ | রৌপ্য | তাম্র | |
| ৫। | ফুটবল | বসুন্ধরা গ্রুপ ঢাকা মহানগরী ২য় বিভাগ ফুটবল লীগ ২০২১-২০২২, ঢাকা। | ১০ আগস্ট,২০২২ | - | - | - | ১টি খেলা হয়েছে,১টি খেলাতেই জয়লাভ করেছে। |
| | | বসুন্ধরা গ্রুপ ঢাকা মহানগরী ২য় বিভাগ ফুটবল লীগ২০২১-২০২২, কমলাপুর, ঢাকা। | ১০ আগস্ট ২০২২ | - | - | - | ৭টি খেলা হয়েছে, ৩টি খেলাতে জয়লাভ করেছে, ১ টিখেলায় ড্র, ৩টি পরাজয়। |
| | | সাফ ওমেন চ্যাম্পিয়নশীপ-২০২২ (মহিলা), নেপাল | সেপ্টেম্বর-২০২২ | - | - | - | বিকেএসপির ০৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে, বাংলাদেশ, চ্যাম্পিয়ন। |
| ৬। | জিমন্যাস্টিক্স | মহান স্বাধীনতা দিবস জিমন্যাস্টিক্স প্রতিযোগিতা, বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। | ২৩মার্চ ২৩ | ০৩ | ০৩ | ০৩ | দলগতচ্যাম্পিয়ন |
| ৭। | হকি | আমন্ত্রণমূলক হকি সিরিজ, মালয়েশিয়া | ২১ জুন হতে ০২ জুলাই, ২০২২ | - | - | - | সিরিজ জয়। বিকেএসপি ৫টি খেলায় জয়লাভ করে ১টি খেলায় ড্র করে। |
| | | হকি চ্যাম্পিয়ন্স ট্রফি-২০২২, মওলানা ভাসানী হকি স্টেডিয়াম, ঢাকা | ২৮ অক্টোবর থেকে ১৭ নভেম্বর ২২ | - | - | - | ২৩জন প্রশিক্ষণার্থী ৬টি দলের পক্ষে অংশগ্রহণ করে। |
| | | বিকেএসপি কাপ আমন্ত্রণমূলক আন্তর্জাতিক হকি টুর্নামেন্ট-২০২২, বিকেএসপি, ঢাকা | ২-৯ ডিসেম্বর ২০২২ | ১ | - | - | বিকেএসপি লাল দল চ্যাম্পিয়ন। (ভারত, শ্রীলংকা ও মালয়েশিয়া থেকে ১টি করে দলে অংশগ্রহণ করে) |
| | | অনুর্ধ্ব-২১ এএইচএফ কাপ হকি প্রতিযোগিতা, ওমান। | ৬ থেকে ১২ জানুয়ারি-২০২৩ | ০১ | - | - | চ্যাম্পিয়ন বাংলাদেশ হকি দলের ১১ জন বর্তমান প্রশিক্ষণার্থীসহ উক্ত দলের সকল খেলোয়াড় বিকেএসপির |
| ৮। | কারাতে | ১ম ইনডিপেন্ডেন্স কাপ কারাতে প্রতিযোগিতা-২০২৩, চট্টগ্রাম। | ১৭-১৮মার্চ ২৩ | ০৭ | ০২ | ০১ | - |
| ৯। | শ্যূটিং | ISSF World Cup-2022, Chingun, Korea | ৯-২১ জুলাই,২০২২ | - | - | - | ১ জন অংশগ্রহণ করে ৫৫তম স্থান অর্জন |
| | | ১৫তম এশিয়ান এয়ার গান চ্যাম্পিয়নশীপ-২০২২, দেয়গু, কোরিয়া | ৯-১৯ নভেম্বর ২২ | - | - | ১ | দলগত তাম্র ১টি |
| | | আইএসএসএফ ও য়াল্ডকাপ-২০২৩,জাকার্তা, ইন্দোনেশিয়ায় | ২৭ জানুয়ারি-০৮ ফেব্রুয়ারি | - | - | - | জাতীয় দলের পক্ষে বিকেএসপির ১জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। |
| | | ২৬তম আন্তঃ ক্লাব শ্যূটিং প্রতিযোগিতা-২০২৩ সিলেট রাইফেল ক্লাব, সিলেট। | ০৮ থেকে ১১ ফেব্রুয়ারি-২০২৩ | ০১ | ০১ | ০১ | |
| | | ৩০তম জাতীয় শ্যূটিংপ্রতিযোগিতা-২০২৩, গুলশান, ঢাকা। | ০৫-১০মার্চ ২৩ | ০১ | - | - | |

| ক্রমিকনং | খেলারনাম | প্রতিযোগিতারনামওস্থান | তারিখ | পদকপ্রাপ্তি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্বর্ণ | রৌপ্য | তাম্র | |
| ১০। | সাঁতার | সাইফ পাওয়ারটেক ৩৫ তম জাতীয় বয়স ভিত্তিক সাঁতার ও ডাইভিং প্রতিযোগিতা ২০২২ | ১১-১৩ নভেম্বর ২২ | ৭৩ | ৬২ | ৩৪ | নতুন জাতীয় রেকর্ড ৯টি। বিকেএসপি দলগত চ্যাম্পিয়ন |
| | | ১ম জাতীয় ফিনসুইমিং প্রতিযোগিতা, ২০২২ | ২৮ ডিসেম্বর ২২ | ০৩ | ০১ | ০৩ | চ্যাম্পিয়ন |
| | | Asian open school invitational aquatics championship,Thailand. | ০২-০৮মার্চ ২৩ | ০১ | - | ০১ | - |
| | | শেখ কামাল ২য় যুব বাংলাদেশ গেমস ২০২৩ | ৩ মার্চ ,২৩ | ০২ | ০৭ | ০৯ | - |
| | | শেখ রাসেল ১৯তম জাতীয় দূরপাল্লা সাঁতার প্রতিযোগিতা-২০২৩, কুমিল্লা | ১৪ জুন,২৩ | - | - | - | বিকেএসপির ২জন মেয়ে প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে ৫ম ও ৭ম স্থান অর্জন করে। |
| ১১। | টেবিল টেনিস | এশিয়ান টেবিল টেনেস কাপ জুনিয়র এন্ড ক্যাডেট চ্যাম্পিয়নশীপ-২০২২, লাওসে। | সেপ্টেম্বর, ২০২২ | - | - | - | বিকেএসপির ০২ জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ। |
| ১২। | টেনিস | 20th Jayakar Memorial ATF Tournament U-14, Nepal 2022, Nepal | ১০-১৭ ডিসেম্বর, ২০২২ | - | - | - | সেমিফাইনাল |
| | | ITF Asia 18/u Competition 2023 | ৯-১৩ জানুয়ারি ২০২৩ | - | - | - | রানার আপ |
| | | জুনিয়র ওয়াল্ড টেনিস সিরিজ, ঢাকা | ২০ থেকে ২৬ ফেব্রুয়ারি ২০২৩ | - | - | - | রানার আপ |
| | | ❖ স্বাধীনতা দিবস টেনিস প্রতিযোগিতা-২০২৩, ঢাকা।<br>❖ টেনিস ফোরাম আয়োজিত ”স্বাধীনতা দিবস টেনিস টুর্নামেন্ট-২০২৩, রাজশাহী। | ১৬-২১ মার্চ ২৩<br>১৪-১৬ মার্চ ২৩ | ০২ | ০১ | - | - |
| | | ডেভিস কাপ বাছাই-২০২৩, রমানা, ঢাকা | ০২ জুলাই,২০২৩ | - | - | - | ০১ জন অংশগ্রহণ করেছে |
| | | জুনিয়র ওয়াল্ড সিরিস ২০২৩ | ২৭-৫ মে, ২০২৩ | - | - | - | চ্যাম্পিয়ন |
| | | ITF Asia 12/u Competition 2023 | ১৬-২০ মে, ২০২৩ | - | - | - | রানার আপ |
| | | ইন্দোবাংলা ফ্রেন্ডশীপ প্রতিযোগীতা, ২৩ | ২৮ মে ২০২৩ হতে ০১ জুন, ২০২৩ | - | - | - | চ্যাম্পিয়ন |

| ক্রমিকনং | খেলারনাম | প্রতিযোগিতারনামওস্থান | তারিখ | পদকপ্রাপ্তি | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | স্বর্ণ | রৌপ্য | তাম্র | |
| ১৩। | ভলিবল | বিশেষ ভলিবল প্রশিক্ষণে অংশগ্রহণ, ইরান। | সেপ্টেম্বর, ২০২২ | - | - | - | ভলিবল বিভাগের ০৪জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ। |
| | | ঢাকা মহানগরী ১ম বিভাগ ভলিবল লীগ-২০২২, শহীদ নূর হোসেন জাতীয় ভলিবল স্টেডিয়াম, ঢাকা | নভেম্বর-২০২২ | - | - | - | বিকেএসপি দল চ্যাম্পিয়ন হয়ে প্রিমিয়ার লীগে উত্তীর্ণ হওয়ার গৌরব অর্জন করে। |
| | | শীতকালিন ভলিবল প্রতিযোগিতা-২০২৩, ফরিদপুর। | ২৪ জানুয়ারি-২০২৩ | - | - | - | চ্যাম্পিয়ন |
| | | মহান বিজয় দিবস ভলিবল প্রতিযোগিতা-২০২২, শহীদ নূর হোসেন জাতীয় ভলিবল স্টেডিয়াম, গুলিস্তান, ঢাকা। | ২৫-২৬ জানুয়ারি-২০২৩ | - | - | - | ৭ম স্থান |
| | | স্বাধীনাত দিবস ভলিবল প্রতিযোগিতা, ঢাকা। | ১৩-১৬মার্চ ২৩ | - | - | - | ৫মস্থান |
| ১৪। | উশু | ‘‘৪র্থ চায়না বাংলা এ্যাম্বাসেডর কাপ উশু কম্পিটিশন-২০২২, শহীদ সোহরাওয়ার্দি ইনডোর স্টেডিয়াম, মিরপুর, ঢাকা। | ০৩সেপ্টেম্বর-২০২২ | - | - | - | চ্যাম্পিয়ন (দলগত) |
| ১৫। | ভারোত্তোলন | বঙ্গবন্ধু ২য় অ-১৭ জাতীয় ক্লাব ভারোত্তোলন প্রতিযোগিতা-২০২৩, ঢাকা। | ১৮মার্চ ২৩ | ০১ | ০২ | - | ২টি নতুন জাতীয় রেকর্ড |
| | | বঙ্গবন্ধু ৪র্থ জাতীয় জুনিয়র (অ-২০) ক্লাব ভারোত্তোলন প্রতিযোগিতা-২০২৩, জাতীয় ক্রীড়া পরিষদ জিমনেসিয়াম, ঢাকা। | ২৮-৩০মে ২৩ | - | ১ | ১ | - |



Excellence In Sports


**বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)**

জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা ১৩৪৯

ফোন : +৮৮ ০২ ৭৭৮৯২১৫-৬, ফ্যাক্স : +৮৮ ০২ ৭৭৮৯৫১৩, ই-মেইল : dg@bksp.gov.bd

www.bksp.gov.bd